1.2 BEN بنجالي

আর্থিক সচেতনতামূলক নির্দেশিকা



কৌশলগত অংশীদার

أوقاف
الهيئة العامة للأوقاف
GENERAL AUTHORITY FOR AWQAF

وزارة الحج والعمرة
MINISTRY OF HAJJ AND UMRAH

এই নির্দেশিকাটি নিম্নোক্ত ভাষায় বিদ্যমান:
[ভাষাগুলোর তালিকা]

English
ENG

عربي
AR

বাংলা
BEN

Bahasa Indonesia
IND

Français
FRA

Hausa
HAU

Türkçe
TUR

اُرْدُوْ
URD

Español
ESP

Русский язык
RUS

Bahasa Malaysia
MAY

සිංහල භාෂාව
SIN

አማርኛ
AMH

فارسی
PER

o'zbek
UZB

हिंदी
HIN

নির্দেশিকার সূচিপত্র

কাঙ্খিত পৃষ্ঠায় যেতে শিরোনামের ওপর ক্লিক করুন

হজে আগমনের পূর্বে আর্থিক লেনদেন



হজ ও ওমরার সার্ভিসসমূহ ক্রয়



সৌদিতে অনুমোদিত মুদ্রা



কাস্টমস ঘোষণা



ইলেকট্রনিক পেমেন্ট চ্যানেলসমূহ



নগদ লেনদেন



মুদ্রা বিনিময়



অনলাইন পেমেন্ট



দুই পবিত্র মসজিদে বিদ্যমান সেবাগুলো ক্রয়



পরিবহন ও ডেলিভারি সেবা



অর্থ গ্রহণ ও স্থানান্তর



আর্থিক প্রতারণা



উদ্বৃত্ত অর্থ ব্যয়



একটি নির্ভরযোগ্য আর্থিক লেনদেনের যাত্রা




কিছু আরবি শব্দ যেগুলো আপনার প্রয়োজন হতে পারে

কিছু গুরুত্বপূর্ণ আর্থিক রেফারেন্স

হজে আগমনের পূর্বে আর্থিক লেনদেন

সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এমন একটি আর্থিক পথ প্রণয়নে আগ্রহী ছিলেন যাতে করে সমস্ত ফি ও সেবার খরচ অগ্রিম পরিশোধ করা যায়; যেগুলোর মধ্যে রয়েছে ভিসার ফি, আবাসন ভাড়া, পরিবহন খরচ এবং আসা- যাওয়ার টিকেটের মূল্য।





আগমনের পূর্বে কেন ভ্রমণের খরচ প্রদান করবেন?

যাতে:

1



আপনি প্রচুর নগদ অর্থ সঙ্গে আনতে বাধ্য না হন।

2



আপনাকে অজ্ঞাত লোকদের পক্ষ থেকে আর্থিক প্রতারণা-প্রচেষ্টার সম্মুখীন হতে না হয়।

3



আপনি এমন কিছুতে ব্যস্ত না হন যা আপনার ইবাদতের সময় নষ্ট করবে।

আগমনের পূর্বে চেকলিস্ট:

হজ ও ওমরাহ-ব্যবস্থাপনা স্বচ্ছতার নীতি মেনে চলে। এর আইন ও ধারাগুলো সেবাপ্রদানকারীর সাথে চুক্তি করার আগে ও পরে আপনাকে নিম্নোক্ত বিষয়গুলো জানার অধিকার প্রদান করে:

1



দর ও আপনার মুদ্রায় এর মূল্য।

2



দরের তুলনায় পরিসেবার মান।

3



আসা-যাওয়াসহ গোটা সফরের পরিপূর্ণ পরিকল্পনা।

4



আপনার পেমেন্টের রসিদ গ্রহণ।



হজ ও ওমরার সেবাগুলো ক্রয়

সফরের অগ্রিম পরিকল্পনা সহজ করার জন্য নিম্নোক্ত প্লাটফর্মগুলোর মাধ্যমে সেবাগুলো নির্বাচন ও সেগুলোর মূল্য পরিশোধ করা সুলভ করা হয়েছে:

1 "নুসুক" প্লাটফর্ম ও অ্যাপ্লিকেশন

- বিশ্বের সবদেশ থেকে আগত ওমরার যাত্রীদের জন্য।
- সৌদি আরবের আভ্যন্তরীণ হজযাত্রীদের জন্য।



অ্যান্ড্রয়েড: এখানে

GET IT ON Google Play

অ্যাপল: এখানে

Download on the App Store

নুসুক প্লাটফর্ম: এখানে

2

- নুসুক হজ প্লাটফর্ম: ইউরোপ, দুই আমেরিকা ও অস্ট্রেলিয়ার হজযাত্রীগণের জন্য।

নুসুক হজ প্লাটফর্ম: نُسُك حج Nusuk Hajj





সৌদিতে অনুমোদিত মুদ্রা

সৌদি আরবের অভ্যন্তরে সকল প্রকার লেনদেনের জন্য অনুমোদিত মুদ্রা হল:



সৌদি রিয়াল (SAR)



সৌদি রিয়াল কোথায় পাব?

আগমনের বন্দরগুলোতে, হজ ও ওমরা পালনের এলাকাসমূহে কিংবা সৌদি আরবের সমস্ত শহরে। মুদ্রা বিনিময় সুলভ:

- অনুমোদিত মানি এক্সচেঞ্জসমূহে।
- অনুমোদিত ব্যাংকসমূহে।
- ডিজিটাল ব্যাংকসমূহে

অনুমোদিত ব্যাংকসমূহ এখানে

অনুমোদিত মানি এক্সচেঞ্জসমূহ এখানে



কাস্টমস ঘোষণা

আগমন ও বহির্গমনের সময় কাস্টমস ঘোষণা একটি অফিসিয়াল বাধ্যবাধকতা। এর মাধ্যমে নিম্নোক্ত যে জিনিসগুলো আপনার কাছে আছে তা আপনি প্রকাশ করবেন:



লেনদেনের উপযুক্ত আর্থিক উপকরণ।



৬০,০০০ রিয়ালের বেশি নগদ অর্থ।



রত্নপাথর।



স্বর্ণের বার (স্বর্ণপিণ্ড)।



মূল্যবান ধাতু।



কাস্টস ঘোষণা এর সুবিধাসমূহ

- প্রবেশ ও বহির্গমন সহজ হওয়া।
- সম্পদ ও তহবিল সংরক্ষণ করা।
- আইনি জিজ্ঞাসাবাদগুলো এড়ানো।
- আর্থিক জরিমানা এড়ানো।

অনলাইনে কাস্টমস ঘোষণাপত্র পূরণ করুন এখানে



ইলেকট্রনিক পেমেন্ট চ্যানেলসমূহ

ডিজিটাল অর্থনৈতিকসূচকে সৌদি আরবউন্নত দেশগুলোর একটি। তাই এ দেশে আপনার নগদ অর্থের খুব বেশি প্রয়োজন হবে না।

ভিজিটরদের জন্য ইলেকট্রনিক পেমেন্ট চ্যানেলসমূহ:

- সব ধরণের ক্রেডিট কার্ড।
- ব্যাংকিং ট্রান্সফার।
- সাদাদ (SADAD)।






সৌদিআরবে অনুমোদিত পেমেন্ট নেটওয়ার্কসমূহ

সকল সেবার বিনিময় ইলেকট্রনিকভাবে পেমেন্ট করা যায়; যার কোন সীমা নেই। উদাহরণস্বরূপ:

- দুই পবিত্র মসজিদের সেবাগুলো।
- আবাসন ও বাসস্থান সেবা।
- পাবলিক ও প্রাইভেট পরিবহন সেবা।
- রেস্তোরাঁ ও খাবারের দোকানে।
- পাইকারি ও খুচরা মার্কেটে।

সৌদিআরবে অনুমোদিত পেমেন্ট নেটওয়ার্কসমূহ



ভিসা

মাস্টারকার্ড

আমেরিকান এক্সপ্রেস

উপসাগরীয় দেশগুলোর পেমেন্ট নেটওয়ার্ক (আফাক্ব)

ইউনিয়ন-পে

বিঃদ্রঃ

বিশ্বব্যাপী নেটওয়ার্কের গ্রহণযোগ্যতা বিক্রতার ইচ্ছার উপর নির্ভর করে।

বিক্রেতা কর্তৃক গৃহীত নেটওয়ার্কগুলি একটি উন্মুক্ত স্থানে টানানো পোস্টারে উল্লেখ থাকে।

"AMERICAN EXPRESS " "UNION PAY "

শুধুমাত্র কিছু ব্যাংকের কাছে গ্রহণযোগ্য।



নগদ লেনদেন

আপনার কি নগদ অর্থ প্রয়োজন হবে?

আপনার কি নগদ প্রয়োজন?

সৌদি আরবের আভ্যন্তরীণ আর্থিক লেনদেনগুলোতে আপনার অল্পকিছু নগদ অর্থ হলেই চলবে।

তাই

- আপনার ক্রেডিট কার্ডে প্রয়োজনমত অর্থ রিচার্জ করে নিন।
- আপনার যতটুকু প্রয়োজন কেবল ততটুকু নগদ অর্থ সাথে নিন।

নগদ অর্থ উত্তোলন (এটিএম বুথের মাধ্যমে)

যে ব্যাংকের এটিএম বুথ থেকে আপনি অর্থ উত্তোলন করতে চান সে ব্যাংকের কাছে আপনার কার্ডটি যদি অনুমোদিত হয় তাহলে আমরা আপনাকে নিম্নোক্ত বিষয়গুলো অবহিত করছি:

সর্বোচ্চ উত্তোলনের সীমা:

৫,০০০ রিয়াল

প্রতি ২৪ ঘন্টায়





মুদ্রা বিনিময়

আগমনকালে, অবস্থানকালীন সময়ে, এরপর বহির্গমনকালে সৌদি রিয়ালে কিংবা সৌদি রিয়াল থেকে আপনার মুদ্রা বিনিময় করার প্রয়োজন হতে পারে। এ কেন্দ্রিক আপনার প্রতি কিছু পরামর্শ:


পরিচয় প্রমাণীকরণ

উদহারণস্বরূপ নিম্নোক্ত কিছু বা সবকটি প্রমাণপত্রের মাধ্যমে আপনার পরিচয় প্রমাণ করা চাওয়া হতে পারে। সেটি কোন মুদ্রা ক্রয় করা কিংবা মুদ্রা বিনিময় করার সময়:

- ভ্রমণের দলিল (পাসপোর্ট)
- হজ/ওমরার ভিসা

প্রমাণপত্রটির মেয়াদ থাকা আবশ্যকীয়





এক্সচেঞ্জ আউটলেটের কাছে আপনার অধিকারগুলো কি কি?

- মুদ্রা বিনিময় করার অনুমতিপত্র (লাইসেন্স)-এর প্রদর্শিত অনুলিপি দেখা।
- দিন-তারিখসহ মুদ্রা বিনিময়ের প্রদর্শিত দরতালিকা দেখা।
- আপনার লেনদেনের এক কপি রসিদ গ্রহণ করা।

অনলাইন পেমেন্ট

ইলেকট্রনিক পেমেন্ট অ্যাপসমূহ

যদি নির্দিষ্ট কোন কর্তৃপক্ষের সাথে আপনার লেনদেনের জন্য ইলেকট্রনিক অ্যাপ ইনস্টল করার প্রয়োজন হয় এবং এতে আর্থিক লেনদেন অন্তর্ভুক্ত থাকে তাহলে:

- বিশ্বস্ত অনলাইন স্টোর থেকে অ্যাপটি ডাউনলোড করুন।
- পেমেন্টের তথ্য সংরক্ষণের অপশনটি নিষ্ক্রিয় করুন।
- দ্বি-ফ্যাক্টর প্রমাণীকরণ বৈশিষ্ট্য সক্রিয় করুন।



অনলাইন স্টোরগুলো থেকে ক্রয় করা

সৌদি আরব ই-কমার্স সূচকের শীর্ষে রয়েছে এবং প্রায় সকল সেবা ও পণ্য অনলাইনে কেনা সুলভ।



ইন্টারনেট থেকে কীভাবে নিরাপদে কেনাকাটা করবেন?



১। নিশ্চিত হন যে ওয়েব পেইজের এড্রেসের শুরুতে (//:https) আছে। কারণ এটি সুরক্ষিত এনক্রিপশন কোড।



২। আপনার ব্রাউজারের এড্রেস বারে একটি লক আইকন চেক করুন।



৩। ব্রাউজার থেকে নিরাপত্তা সতর্কতা সম্পর্কিত যে কোন পপ-আপের প্রতি খেয়াল রাখুন।



৪। নকল ও ভেজাল পণ্য এড়াতে পণ্যের গুণাগুণ পর্যালোচনা করুন।



৫। পণ্যের রেটিং, বিবরণ ও গ্রাহকদের রিভিউগুলো দেখুন।



৬। কার্ড দিয়ে অর্থ প্রদানের ক্ষেত্রে নোটিফিকেশন প্রাপ্তির অপশনটি সক্রিয় করুন।



৭। আপনাকে পাঠানো সতর্ক বার্তাগুলোর সাথে আপনার সম্পাদিত লেনদেনগুলো তুলনা করুন।



৮। অনলাইনে কেনাকাটা করার সময় পাবলিক ওয়াই-ফাই নেটওয়ার্ক ব্যবহার করবেন না।



৯। কার্ড স্টেটমেন্ট নিয়মিত চেক করুন; মাসে অন্তত একবার।

দুই পবিত্র মসজিদের সেবাসমূহ ক্রয়

মসজিদে হারাম ও মসজিদে নববীতে নগদ পেমেন্টের মাধ্যমে বিশেষ সেবাগুলো কেনা যায়:


যেমন:



- সেফটি লকারসমূহ (দুই মসজিদে)



- সাঈতে ব্যবহার্য বৈদ্যুতিক ট্রলি (মসজিদে হারামে)



- হাতে ঠেলা ট্রলির কর্মচারীগণ (মসজিদে হারামে)



বৈদ্যুতিক ট্রলি রিজার্ভ করতে "তানাক্কুল" অ্যাপ্লিকেশটি ডাউনলোড করুন

অ্যান্ড্রয়েড: এখানে

Download on the App Store

অ্যাপল: এখানে

GET IT ON Google Play

পরিবহন ও ডেলিভারি পরিসেবা

আপনার পরিবহন ও ডেলিভারি পরিসেবার প্রয়োজন হলে:

- সৌদি আরবের অভ্যন্তরে যাতায়াতে
- খাবারের অর্ডার দিতে
- পণ্যের অর্ডার দিতে

নিম্নোক্ত উপায়ে আপনার অর্থ রক্ষা করুন:



- লাইসেন্সধারী পরিবহন-মাধ্যমগুলোর সাথে লেনদেন করা।



- অনুমোদিত অ্যাপগুলো ব্যবহার করা।



- ব্যক্তি বিশেষের সাথে লেনদেন না করা।



অভ্যন্তরীণ যে পরিবহন-মাধ্যমগুলো ইলেকট্রনিক পেমেন্টে লেনদেন করে

- আল-হারামাইন এক্সপ্রেস ট্রেন
- পাবলিক ট্রান্সপোর্ট বাসসমূহ
- লাইসেন্সধারী পরিবহন অ্যাপসমূহ




অর্থ গ্রহণ ও স্থানান্তর

আপনি যদি সৌদি আরবের বাহির থেকে বা ভেতরে থেকে অর্থ গ্রহণ করতে যান কিংবা পাঠাতে যান; তাহলে:

- অনুমোদিত সেবা প্রদানকারীদের সাথে লেনদেন করুন।
- ভ্রাম্যমাণ মুদ্রা ব্যবসায়ীদের এড়িয়ে চলুন।
- আপনার রসিদের কপি যত্ন সহকারে রাখুন।

অনুমোদিত ব্যাংক ও মানিএক্সচেঞ্জগুলো খুঁজুন [এখানে]





সন্দেহজনক লেনদেন থেকে কীভাবে বাঁচবেন?

কিছু প্রতিষ্ঠান ও ব্যক্তি যারা সন্দেহজনক কার্যকলাপে জড়িত তারা যিয়ারতকারীদের পক্ষ থেকে লেনদেন করার প্রস্তাব দেয়।

- অন্য কারও একাউন্ট ব্যবহার করবেন না এবং অন্য কাউকে আপনার একাউন্ট ব্যবহার করতে দিবেন না।
- কখনই অন্য কারো পক্ষ থেকে অর্থ ট্রান্সফার বা রিসিভ করবেন না।
- আপনার ব্যক্তিগত ও আর্থিক দলিলপত্র ও তথ্যের ব্যাপারে অবহেলা করবেন না।

মেসেজ ও কলসমূহে সন্দেহের কিছু আলামত

অপরিচিত নম্বর/প্লাটফর্ম/একাউন্ট থেকে আসা।


আপনার আর্থিক তথ্য প্রকাশ করার জন্য আপনাকে জোরালোভাবে অনুরোধ করা।

এতে বিদ্যমান লিঙ্ক ও এ্যাড্রেসগুলো এর বিষয়বস্তু থেকে ভিন্ন হওয়া।



সন্দেহজনক মেসেজ ও কলগুলোর সাথে আপনার আচরণ কেমন হবে?

- কখনই দ্রুত সাড়া দিবেন না।
- আপনি সময় চান কিংবা ব্যস্ত থাকার ওজর পেশ করুন।
- এমন কোন লিঙ্ক খুলবেন না যার জন্য আপনি অপেক্ষা করছেন না।
- ফোনকারীকে তার পরিচয় দিতে বলুন।



প্রতারণা-প্রচেষ্টার রিপোর্ট করা

মেসেজের মাধ্যমে প্রতারণা-প্রচেষ্টার ক্ষেত্রে:


মেসেজটি 330330 নম্বরে পাঠিয়ে দিন।

সকল প্রতারণা-প্রচেষ্টার ক্ষেত্রে:

কল করুন 6666-125-800

ওয়েবসাইটে বার্তা পাঠান: এখানে





উদ্বৃত্ত অর্থসমূহ কীভাবে ব্যয় করবেন?

হজের কার্যাবলী শেষ হওয়ার পর আপনার নিজ দেশে ফিরে যাওয়ার সিদ্ধান্ত নিলে এবং উদ্বৃত্ত অর্থসমূহ পরিবর্তন করা বা ব্যয় করার ইচ্ছা হলে:

- অনুমোদিত মানিএক্সচেঞ্জগুলোর মাধ্যমে মুদ্রা পরিবর্তন করুন।
- লাইসেন্সবিহীন বেনামী সংস্থাগুলো থেকে সতর্ক থাকুন।
- ভিক্ষুকদেরকে দেয়া থেকে বিরত থাকুন।

দান করার অনুমোদিত প্লাটফর্মসমূহ:

إحسان
منصة وطنية للعمل الخيري

দান করার অনুমোদিত প্লাটফর্মসমূহ:

এটি এমন একটি প্ল্যাটফর্ম যা দান করার সুযোগগুলো এবং সুযোগ-প্রদানকারী সংস্থাগুলোকে উপস্থাপন করে। (এখানে)

"ফুরিজাত" উদ্যোগ

فرجت
FURIJAT

এটি এমন একটি উদ্যোগ যা আর্থিক দায়ের কারণে কারাবন্দিদের পক্ষ থেকে ঋণ পরিশোধ করে। (এখানে)



একটি নির্ভরযোগ্য আর্থিক লেনদেনের যাত্রা

১। সেবা প্রদানকারী লাইসেন্সধারী

1

2

২। মূল্য-তালিকা প্রদর্শিত

.৩। সেবার মানের সাথে মূল্য সামঞ্জস্যপূর্ণ

3

4

৪। ভোক্তাদের তথ্য অভিন্ন

৫। ইলেকট্রনিক/নগদ পেমেন্ট

5

6

৬। রসিদ প্রিন্ট করা

৭। গ্রাহক তার রশিদের কপি গ্রহণকরা

7

কিছু গুরুত্বপূর্ণ আর্থিক রেফারেন্স

- সৌদি সেন্ট্রাল ব্যাংক এখানে

البنك المركزي السعودي
SAMA
Saudi Central Bank

- সৌদি পেমেন্টস কোম্পানি এখানে

المدفوعات السعودية
SAUDI PAYMENTS

- সৌদি পেমেন্ট নেটওয়ার্ক এখানে

مدى
mada

- সৌদি ব্যাংকসমূহ

البنوك السعودية
Saudi Banks

- উপসাগরীয় অর্থপ্রদান

المدفوعات الخليجية
GULF PAYMENTS

এটিএম এর শাখাসমূহ এবং এর অবস্থান

সৌদি ন্যাশনাল ব্যাংক	SNB
আল রাজী ব্যাংক	مصرف الراجحي alrajhi bank
রিয়াদ ব্যাংক	بنك الرياض Riyad Bank
আওয়াল ব্যাংক	الأول SAB
সৌদি ফ্রান্সি ব্যাংক	البنك السعودي الفرنسي Banque Saudi Fransi
আরব জাতীয় ব্যাংক	anb
আল- ইনমা ব্যাংক	مصرف الإنماء alinma bank
বেলাদ ব্যাংক	بنك البلاد Bank Albilad
সৌদি বিনিয়োগ ব্যাংক	البنك السعودي للاستثمار The Saudi Investment Bank
আল জাজিরা ব্যাংক	بنك الجزيرة BANK ALJAZIRA
আন্তর্জাতিক খালিজ ব্যাংক	GIB بنك الخليج الدولي

কিছু গুরুত্বপূর্ণ ফোন নম্বর

911

জরুরি ও নিরাপত্তা সেবার জন্য

937

চিকিৎসা সংক্রান্ত পরামর্শ ও জিজ্ঞাসার জন্য

920002814

আল্লাহর মেহমানদের জিজ্ঞাসার জবাবের জন্য
হজ্জ ও উমরা মন্ত্রণালয়ের যোগাযোগ কেন্দ্র

1966

মসজিদে হারাম ও মসজিদে নববী সংক্রান্ত
অনুসন্ধানের জন্য

হজ্জের অন্যান্য সকল নির্দেশিকা হজ্জ ও উমরা মন্ত্রণালয়ের ওয়েব সাইটে বিদ্যমান (ডাউনলোড করতে ক্লিক করুন)। এসব নির্দেশিকাতে সুষ্ঠু ও সুন্দরভাবে হজ্জ সম্পন্ন করতে প্রয়োজনীয় সকল তথ্য ও দিক-নির্দেশনা বিদ্যমান।



কৌশলগত অংশীদার

أوقاف
الهيئة العامة للأوقاف
GENERAL AUTHORITY FOR AWQAF

আমাদের সাফল্যের অংশীদার

البنوك السعودية
Saudi Banks

আল্লাহ আপনাদের আমল ও প্রচেষ্টাগুলো কবুল করুন

দিক-নির্দেশনামূলক অন্যান্য তথ্যের জন্য
সামাজিক যোগাযোগ মাধ্যমে আমাদের একাউন্টগুলো অনুসরণ করুন

Haj.gov.sa | @HajMinistry

وزارة الحج والعمرة
MINISTRY OF HAJJ AND UMRAH